

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.৩০৭.১৯/১২৫৭

তারিখ: ১৭/০১/২০২০খ্রি.।

বিষয়: মুন্সিগঞ্জ জেলার টঙ্গিবাড়ী বালিগাঁও আমজাদ আলী কলেজের সহকারী অধ্যাপকের পদোন্নতি।

সূত্র: জেলা প্রশাসকের স্মারক নং ০৫.৩০৫৯০০.২১১.০৩.০১০.১৮.৬৩৫, তারিখ-২৮/১২/২০১৯খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মুন্সিগঞ্জ জেলার টঙ্গিবাড়ী উপজেলাধীন বালিগাঁও আমজাদ আলী কলেজের জনাব সাজ্জাদুর রহমান, প্রভাষক(ইংরেজি) আউশকান্দি রাশিদিয়া পাবলিক স্কুল ও কলেজ, নবীগঞ্জ, হবিগঞ্জ এ ১০-০৩-২০০৮খ্রি. তারিখ হতে ১৫-০৫-২০১০খ্রি. তারিখ পর্যন্ত কর্মরত ছিলেন। তিনি মে/২০০৮ মাসে প্রভাষক (ইংরেজি) পদে প্রথম এমপিওভুক্ত হন। পরবর্তীতে মুন্সিগঞ্জ জেলার বালিগাঁও উপজেলাধীন বালিগাঁও আমজাদ আলী কলেজে প্রভাষক(ইংরেজি) পদে ১৬/০৫/২০১০খ্রি. তারিখে যোগদান করে কর্মরত। তিনি মে/২০১০ মাসে বর্তমান কলেজে এমপিওভুক্ত হন। চাকুরিকাল ৮ বছর পূর্ণ হওয়ায় কলেজ কর্তৃপক্ষের নিকট সহকারী অধ্যাপক পদে পদোন্নতির আবেদন করেন। প্রতিষ্ঠানের কর্মরত প্রভাষকদের মধ্যে প্রথম এমপিওভুক্তির তারিখ হিসেবে জ্যেষ্ঠ শিক্ষক হওয়া সত্ত্বেও ভারপ্রাপ্ত অধ্যক্ষ শ্যামল কুমার রায় তাঁকে চতুর্থ স্থানে রাখেন। সহকারী অধ্যাপকের পদোন্নতির ক্ষেত্র প্রাপ্তির জন্য অনলাইনে ৪ জন প্রভাষকের নাম প্রস্তাব প্রেরণ করা হলে ৫৪২ অনুপাতে প্রাপ্যতার অধিক আবেদন দাখিলের জন্য ৪ জনের আবেদন রিজেক্ট করা হয়। সহকারী অধ্যাপকের ক্ষেত্র প্রাপ্তির আবেদন রিজেক্ট করা হলে গভর্ণিং বডি জনাব সাজ্জাদুর রহমান, প্রভাষক(ইংরেজি) কে বাদ দিয়ে অপর দুজনের পদোন্নতির জন্য আবেদন করেন। জনাব সাজ্জাদুর রহমান, প্রভাষক(ইংরেজি) কর্তৃক দাখিলকৃত আবেদনে ২টি অভিযোগ: প্রথমত সহকারী অধ্যাপক এর পদোন্নতির জন্য অনলাইনে জ্যেষ্ঠতার লঙ্ঘন এবং দ্বিতীয়ত জ্যেষ্ঠ শিক্ষক না হওয়া সত্ত্বেও ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে শ্যামল কুমার রায় এর দায়িত্ব গ্রহণ। জনাব সাজ্জাদুর রহমান, প্রভাষক(ইংরেজি) কর্তৃক দাখিলকৃত অভিযোগের বিষয়ে মতামত পত্র প্রাপ্তির ৭(সাত) কর্মদিবসের মধ্যে (বর্তমানে কর্মরত শিক্ষকদের স্বাক্ষরযুক্ত জ্যেষ্ঠতা বিধি অনুসরণপূর্বক তালিকাসহ) দাখিল করার জন্য অধ্যক্ষকে পত্র দেয়া হয়। অধ্যক্ষ বিধি-বিধান অনুসরণ না করে মনগড়া মতামত দাখিল করেছেন যা গ্রহণযোগ্য নয়।

এমতাবস্থায়, বিদ্যমান জনবল কাঠামো ২০১৮ এর ১১.৮ ও ১৩ ধারা অনুসরণপূর্বক সহকারী অধ্যাপকের জ্যেষ্ঠতা ও সহকারী অধ্যাপকের পদোন্নতি প্রদান করে ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে মাউশি অধিদপ্তরকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

17.1.2020

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

ই-মেইল: ncollege@dshs.gov.bd

অধ্যক্ষ

বালিগাঁও আমজাদ আলী কলেজ

টঙ্গিবাড়ী, মুন্সিগঞ্জ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। জেলা প্রশাসক, মুন্সিগঞ্জ।
- ২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৪। সভাপতি, পরিচালনা পরিষদ, বালিগাঁও আমজাদ আলী কলেজ, টঙ্গিবাড়ী, মুন্সিগঞ্জ।
- ৫। জেলা শিক্ষা অফিসার, মুন্সিগঞ্জ।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, টঙ্গিবাড়ী, মুন্সিগঞ্জ।
- ৭। উপজেলা মাধ্যমিক অফিসার, টঙ্গিবাড়ী, মুন্সিগঞ্জ।
- ৮। জনাব সাজ্জাদুর রহমান, প্রভাষক (ইংরেজি), বালিগাঁও আমজাদ আলী কলেজ, টঙ্গিবাড়ী, মুন্সিগঞ্জ।
- ৯। সংরক্ষণ নথি।